# এসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

সময়— ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান— ৭০

**ফিন্যান্স ও ব্যাংকিং : সৃজনশীল** বিষয় কোড : ১ ৫ ২

*[দ্রষ্টব্য : ফিন্যান্স অংশ থেকে ন্যূনতম ৩টি এবং ব্যাংকিং অংশ থেকে ন্যূনতম ৩টি প্রশ্নসহ মোট ৭টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

## ক বিভাগ: ফিন্যান্স

**১.▶** মি. নুর আহমেদ ও তার কয়েকজন বন্ধু মিলে মীনা বাজার নামে একটি ডিপার্টমেন্টাল স্টোরের মাধ্যমে অংশীদারি ব্যবসায় পরিচালনা করছেন। তিনি ব্যবসায়ের ক্ষেত্রে নগদ অর্থ ও মুনাফার মধ্যে বিপরীত সম্পর্ক সম্বন্ধে সচেতন। এছাড়াও চলতি মূলধনের ওপর তিনি বেশি জোর দেন।

ক. ব্যবসায় অর্থায়ন কী? ১

খ. নগদ অর্থ যত বেশি জমা থাকবে মুনাফা তত কম হবে। উক্তিটি ব্যাখ্যা করো। ২

গ. মি. নুর আহমেদের অর্থ ও মুনাফার মধ্যে বিপরীত সম্পর্ক সম্বন্ধে সচেতনতা কোন ধরনের নীতির অন্তর্গত? বর্ণনা করো। ৩

ঘ. মি. নুর আহমেদ কেন চলতি মূলধনের ওপর গুরুত্ব দেন তা যুক্তিসহকারে বিশ্লেষণ করো। ৪

**২.▶** মি. আব্বাস মনে করেন প্রতিষ্ঠানের অর্থের প্রয়োজন মিটানোর জন্য বিভিন্ন উৎস হতে তহবিল সংগ্রহ করতে হয়। তবে উৎস নির্বাচনের ক্ষেত্রে উৎসের সুবিধা-অসুবিধা বিবেচনা করা প্রয়োজন। কেননা একেক ধরনের প্রকল্প ও প্রয়োজনের প্রেক্ষিতে একেক ধরনের উৎস কার্যকর ভূমিকা পালন করে।

ক. লিজিং কী? ১

খ. বিশেষায়িত আর্থিক প্রতিষ্ঠান বলতে কী বোঝায়? ২

গ. তহবিলের উৎস নির্বাচনের ক্ষেত্রে কী কী বিষয় বিবেচনায় আনা প্রয়োজন? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. তহবিল সংগ্রহের ক্ষেত্রে মি. আব্বাসের চিন্তাধারা কতটা যুক্তিসজ্গত বিশ্লেষণ করো। ৪

**৩.▶** জনাব হালিম একটি বাণিজ্যিক ব্যাংকের ৬ বছর টাকা দ্বিগুণ হওয়ার পলিসিতে ২ লক্ষ টাকা জমা রাখতে গিয়ে তার বন্ধুর পরামর্শে ব্যাংকে না রেখে ১৩% মুনাফায় একই মেয়াদের সঞ্চয়পত্র ক্রয় করেন।

ক. বর্তমান ও ভবিষ্যৎ সময়ের মধ্যে অর্থের মূল্যের পার্থক্যের কারণ কী? ১

খ. চক্রবৃদ্ধিকরণ পদ্ধতিটি ব্যাখ্যা করো। ২

গ. মাসিক চক্রবৃদ্ধিতে জনাব হালিমের অর্থের ভবিষ্যৎ মূল্য নির্ণয় করো। ৩

ঘ. বিনিয়োগের ক্ষেত্রে জনাব হালিমের গৃহীত সিদ্ধান্তটি মূল্যায়ন করো। ৪

**৪.▶** জুস উৎপাদনকারী প্রতিষ্ঠান 'জুইসি লি.' ডাবের পানি বোতলজাতকরণের জন্য একটি প্রকল্প গ্রহণ করতে চায়। আয়-ব্যয় প্রাক্কলন করে দেখা যায় ৫ বছর মেয়াদি এই প্রকল্পের প্রাথমিক ব্যয় ১০ লক্ষ টাকা। বিক্রির পরিমাণ যথাক্রমে ১ লক্ষ, ১.৪ লক্ষ, ২.৫ লক্ষ, ৭.৫ লক্ষ ও ৪ লক্ষ টাকা। অন্যান্য চলতি খরচ বিক্রয়ের ৩০% এবং কর হার ৩০%।

ক. মূলধন বাজেটিং প্রক্রিয়ার প্রথম ধাপ কোনটি? ১

খ. দীর্ঘমেয়াদি বিনিয়োগ সিদ্ধান্তকে কী বলে? ব্যাখ্যা করো। ২

Teachingbd.com

গ. উদ্দীপকের আলোকে প্রকল্পটির গড় মুনাফার হার নির্ণয় করো। ৩

ঘ. 'জুইসি লি.' কোম্পানির বিনিয়োগ ক্ষেত্রটির জন্য মূলধন বাজেটিংয়ের গুরুত্ব মূল্যায়ন করো। ৪

৫.▶ চট্টগ্রাম স্টিল মিলের পরিশোধিত মূলধন ১৫ কোটি টাকা যার মধ্যে প্রতিটি ১০ টাকা মূল্যের সাধারণ শেয়ার মূলধন ৭.৫ কোটি টাকা; ৬% অগ্রাধিকার মূলধন ৪.৫ কোটি টাকা এবং অবশিষ্ট ৮% ঋণ মূলধন। ২০১৫ সালে কোম্পানি শেয়ার প্রতি ১ টাকা লভ্যাংশ প্রদানের এবং তা প্রতিবছর ১০% বৃদ্ধি করার সিদ্ধান্ত নেয়। কোম্পানির করের হার ৩০%। এছাড়াও মুনাফার হার একটি বড় অংশ ঋণ পরিশোধের জন্য ব্যয়ের উদ্যোগ নেয়।

ক. মূলধন ব্যয় কী? ১

খ. বেশি আয়ের জন্য বেশি ঝুঁকি গ্রহণ করতে হয় কেন? ২

গ. উপরোক্ত কোম্পানির গড় মূলধন ব্যয় নির্ণয় করো। ৩

ঘ. মুনাফা দ্বারা ঋণ পরিশোধ করা কোম্পানির জন্য লাভজনক হবে কিনা তা মূল্যায়ন করো। ৪

৬.▶ হাবিব ও লাবিব দুই বন্ধু। দুজনই শেয়ারে বিনিয়োগ করতে চান। তাই তারা বিভিন্ন কোম্পানির বিভিন্ন তথ্য বিশ্লেষণ করেছেন। হাবিব সবসময় ঝুঁকি নিয়ে হলেও বেশি মুনাফার প্রতি আগ্রহ দেখায় এবং সবসময় গুরত্বপূর্ণ সিদ্ধান্তে অংশগ্রহণ করতে চায়। অন্যদিকে লাবিব কম ঝুঁকি ও নিশ্চিত আয় পছন্দ করেন।

ক. শেয়ার কাকে বলে? ১

খ. সাধারণ শেয়ার স্বকীয় বৈশিষ্ট্যগুলো উল্লেখ করো। ২

গ. বন্ড ও ডিবেঞ্চারের মধ্যে পার্থক্য তুলে ধরো। ৩

ঘ. অগ্রাধিকার শেয়ার মালিকরা বিশেষ ধরনের সুবিধা ভোগ কারে। কথাটির তাৎপর্য কী ব্যাখ্যা করো। ৪

## খ বিভাগ : ব্যাংকিং

৭.▶ জনাব নাকিব একটি ব্যাংকের প্রভিশনারি অফিসার পদে নিয়োগ পরীক্ষায় অংশ গ্রহণ করতে চাচ্ছেন। পরীক্ষায় অংশগ্রহণের পূর্বে তিনি ব্যাংক ব্যবস্থা সম্পর্কে কিছু পড়াশুনা করেছেন। পড়াশুনা করতে গিয়ে তিনি লক্ষ্য করলেন বিনিময় ব্যবস্থার ধারাবাহিকতায় মুদ্রার প্রচলন হয় এবং মুদ্রার প্রয়োজনেই ব্যাংকের উদ্ভব হয়। তিনি আরও লক্ষ্য করলেন, ব্যবসায় বাণিজ্যের উন্নয়নের সাথে ব্যাংক ব্যবস্থার উৎপত্তি ও উন্নয়ন সম্পৃক্ত।

ক. আধুনিক অর্থনীতির জীবনীশক্তি কী? ১

খ. উপাসনালয় ব্যাংকিং বলতে কী বোঝায়? ২

গ. বিনিময় ব্যবস্থার ধারাবাহিকতায় কীভাবে মুদ্রা ও ব্যাংক ব্যবস্থার উদ্ভব ঘটে তা বর্ণনা করো। ৩

ঘ. 'ব্যবসায় বাণিজ্যের উন্নয়নের সাথে ব্যাংক ব্যবস্থার উৎপত্তি ও উন্নয়ন সম্পৃক্ত'— উদ্দীপকের আলোকে বক্তব্যটি বিশ্লেষণ করো। ৪

৮.▶ কাঠামো, মালিকানা, গঠন, নিবন্ধন, অঞ্চল ও নিয়ন্ত্রণের ভিত্তিতে ব্যাংক ব্যবসায় বিভিন্ন ধরনের হয়ে থাকে। এসব ব্যাংকের প্রধান উদ্দেশ্য হচ্ছে গ্রাহক

Teachingbd.com

সেবার মাধ্যমে মুনাফা অর্জন করা। আর তাই দেশের কেন্দ্রীয় ব্যাংক কর্তৃক নিয়ন্ত্রিত ও পরিচালিত হয়ে ব্যাংকসমূহ প্রতিনিয়ত গ্রাহক সেবা বৃদ্ধির চেষ্টা চালায়।

ক. চেইন ব্যাংকিং কী? ১

খ. গোটা ব্যাংকিং ব্যবস্থার প্রাণকেন্দ্র বলা হয় কোন ব্যাংককে এবং কেন? ২

গ. উদ্দীপকের আলোকে বিভিন্ন ধরনের ব্যাংকিং ব্যবস্থা গড়ে ওঠার কারণ কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'গ্রাহক সেবার মাধ্যমে মুনাফা অর্জন করা ব্যাংকের প্রধান উদ্দেশ্য'— বিশ্লেষণ করো। ৪

৯.▶ এবিসি ব্যাংক একটি স্বনামধন্য প্রতিষ্ঠান। ব্যাংকটি মুনাফা অর্জন উদ্দেশ্য ছাড়াও বিভিন্ন সেবামূলক কর্মকাণ্ড সম্পাদন করে। সমাজের সুবিধা বঞ্চিত মেধাবী শিক্ষার্থীদের জন্য বৃত্তি চালু করে। এছাড়া হাজার হাজার কর্মসংস্থান সৃষ্টিসহ অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন ত্বরান্বিত করছে।

ক. বাণিজ্যিক ব্যাংকের প্রধান লক্ষ্য কোনটি? ১

খ. প্রত্যয়পত্র কাকে বলে? ব্যাখ্যা করো। ২

গ. এবিসি ব্যাংক মুনাফা অর্জন ছাড়াও যেসব উদ্দেশ্য নিয়ে গঠিত হয়েছে তা ব্যাখ্যা করো। ৩

ঘ. এবিসি ব্যাংকের সেবামূলক কাজ অন্যান্য ব্যাংকের অনুসরণ করা উচিত কিনা? বিশ্লেষণ করো। ৪

১০.▶ জনাব আরিফ মুদি দ্রব্যাদি বিক্রি করেন। প্রতিদিন নগদ অর্থের লেনদেন শেষে যেটা উদ্বৃত্ত থাকে তা তিনি ব্যাংকে জমা রাখেন। এতে নগদ অর্থ বহনের ঝামেলা কেটে যায় এবং আমানতের বিপরীতে ঋণ গ্রহণ করে আর্থিক ঘাটতি মেটান। এজন্য তিনি একজন সফল ব্যবসায়ী।

ক. ব্যাংকের আমানত কী? ১

খ. ডেবিট কার্ড ও ক্রেডিট কার্ডের মধ্যে পার্থক্য কী? ২

গ. জনাব আরিফ ব্যাংকের গ্রাহক হিসেবে ব্যাংকে আমানত থেকে যেসব সুবিধা প্যাবেন তা বর্ণনা করো। ৩

ঘ. জনাব আরিফের ব্যবসায়িক সফলতায় ব্যাংক ঋণ প্রাপ্তির ভূমিকা মূল্যায়ন করো। ৪

১১.▶ জনাব আকিব তার জমির দলিল যমুনা ব্যাংকে জমা রেখে ১০ লক্ষ টাকা ঋণ নিবে। বগুড়ার বেবি প্লাজায় একটি শাড়ির দোকান দিলেন। এদের মধ্যে সৃষ্ট এ ধরনের সম্পর্কের ফলে ব্যবসায় বাণিজ্যের জগতে যে চলমান অবস্থা সৃষ্টি হয় তা খুবই তাৎপর্যপূর্ণ।

ক. ব্যাংকিং ব্যবসায়ে লিপ্ত ব্যক্তিকে কী বলে? ১

খ. হুকুম চেক কী তা ব্যাখ্যা করো। ২

গ. যমুনা ব্যাংক জনাব আকিবকে কোন ধরনের ঋণ প্রদান করেছে? বর্ণনা করো। ৩

ঘ. যমুনা ব্যাংক ও জনাব আকিবের মধ্যে সম্পর্কের ধরনটি ব্যাখ্যা করো। ৪

http://teachingbd.com

সময়— ৩০ মিনিট পূর্ণমান— ৩০

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড : ১ ৫ ২

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. শেয়ারবাজারে বিনিয়োগের ক্ষেত্রে কোনটি অধিক প্রয়োজন?
ক) প্রচুর টাকা খ) অনেক বুদ্ধি
গ) অভিজ্ঞতা ঘ) ধারণা

২. ব্যাংক ব্যবসায়ের প্রধান উপাদান কোনটি?
ক) সুদ খ) আমানত
গ) ঋণ ঘ) মুদ্রা

৩. জনগণের অর্থ সংগ্রহের মাধ্যমে ব্যাংক কী সৃষ্টি করে?
ক) ঋণ খ) আমানত
গ) কু-ঋণ ঘ) বিনিয়োগ

৪. কাকে 'অর্থনীতির জীবনীশক্তি' বলে?
ক) মুদ্রাকে খ) স্বর্ণকে
গ) লেনদেনকে ঘ) ব্যাংকে

৫. কোম্পানি তহবিলের গুরুত্বপূর্ণ উৎস কী?
ক) নগদ অর্থ খ) শেয়ার
গ) ব্যাংক ঋণ ঘ) অনুদান

৬. বর্তমানে ২৪ ঘণ্টা ব্যাংকিং সেবা চালু আছে কোথায়?
ক) গ্রাম-গঞ্জে খ) থানা এলাকায়
গ) বড় শহরে ঘ) ছোট শহরে

৭. ইলেট্রনিক ব্যাংকিং-এর ক্ষেত্রে সেবা পাওয়ার সুযোগ থাকে কতক্ষণ?
ক) ১০ ঘণ্টা খ) ১২ ঘণ্টা
গ) ১৮ ঘণ্টা ঘ) ২৪ ঘণ্টা

৮. কোন কার্ডের মাধ্যমে বাকিতে পণ্য ক্রয়ের সুযোগ থাকে?
ক) ক্রেডিট কার্ড খ) ডেবিট কার্ড
গ) ATM কার্ড ঘ) পাঞ্চ কার্ড

৯. মানুষবিহীন স্বয়ংক্রিয়ভাবে পরিচালিত হিসাব লেনদেন ব্যবস্থাকে কী বলে?
ক) $\frac{1}{2}$S খ) ATM
গ) HCV ঘ) IMS

১০. ব্যাংক জনগণের নিকট হতে আমানত হিসাব গ্রহণ করে কোনটি?
ক) চেক খ) বিনিময় বিল
গ) সঞ্চিত অর্থ ঘ) ট্রেজারি চালান

১১. ব্যাংক সুদ প্রদান করে না কোন হিসাবে?
ক) চলতি খ) স্থায়ী
গ) সঞ্চয়ী ঘ) মেয়াদি

১২. বাণিজ্যিক ব্যাংকের আয়ের প্রধান উৎস কী?
ক) কমিশন খ) বাট্টা
গ) সুদ ঘ) শেয়ার

১৩. ঋণগ্রহীতাকে ঋণ দিয়ে ব্যাংক কোন কাজে সাহায্য করে?
ক) উৎপাদনমুখী খ) সেবামূলক
গ) বিনিময়মূলক ঘ) মূলধন গঠনমূলক

**উদ্দীপকটি পড়ো এবং ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও।**

'ক' ব্যাংক কেন্দ্রীয় ব্যাংক ও অন্যান্য বাণিজ্যিক ব্যাংকগুলো হতে ঋণ নিয়ে তহবিল সংগ্রহ করে থাকে। এছাড়াও এই ব্যাংকটি গ্রাহকের নিকট থেকে মেয়াদি আমানত গ্রহণ করে থাকে। যা আমানতকারীরা একত্রে তুলে নেয় না। ফলে 'ক ব্যাংক' এ অর্থ ঋণ অথবা বিনিয়োগ হিসেবে ব্যবসায়ে খাটিয়ে মুনাফা অর্জন করে।

১৪. 'ক ব্যাংকের' আমানত গ্রহণের উৎস কোনটি?
ক) অভ্যন্তরীণ খ) বাহ্যিক
গ) সরকার ঘ) মালিকগণ

১৫. বাণিজ্যিক ব্যাংক সৃষ্ট বিনিময়ের মাধ্যম বহির্ভূত কোনটি?
ক) ক্রেডিট কার্ড খ) পে-অর্ডার
গ) হুন্ডি ঘ) ব্যাংক ড্রাফট

১৬. মুদ্রার বিকল্প হিসেবে কাজ করে কোনটি?
ক) পে-অর্ডার খ) চেক
গ) ডেবিট কার্ড ঘ) ক্রেডিট কার্ড

১৭. মুদ্রার পরিবর্তন বাণিজ্যিক ব্যাংকের কিরূপ কাজ?
ক) অন্যতম খ) ব্যয়বহুল
গ) ঝুঁকিবহুল ঘ) বিশেষ

Teachingbd.com
http://teachingbd.com

১৮. **ব্যাংক বিনিময়ের মাধ্যমে কী করে?**
ⓚ অর্থ-স্থানান্তর ⓚ মূল্য পরিমাপ
ⓖ সঞ্চয় বৃদ্ধি ⓖ তথ্য সরবরাহ

১৯. **মক্কেলদের অনুরোধে ব্যাংক তাদের কোন বিষয়ে পরামর্শ দেয়?**
ⓚ রাজনৈতিক ⓚ ব্যবসায়িক
ⓖ পারিবারিক ⓖ সামাজিক

২০. **কেন্দ্রীয় ব্যাংক অন্যান্য ব্যাংকের ব্যাংকার হিসেবে—**
i. ঋণদান করে ii. ঋণের তদারকি করে
iii. ব্যাংকের তালিকাভুক্তি করে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

২১. **বর্তমান বাংলাদেশে কয়টি নিকাশ ঘর ব্যবস্থা চালু আছে?**
ⓚ ৯টি ⓚ ৭টি
ⓖ ১২টি ⓖ ১৬টি

২২. **দেশের নোট ও মুদ্রা প্রচলনের একমাত্র ক্ষমতা প্রাপ্ত প্রতিষ্ঠান কোনটি?**
ⓚ কেন্দ্রীয় ব্যাংক
ⓚ বাণিজ্যিক ব্যাংক
ⓖ বৈদেশিক ব্যাংক
ⓖ মিশ্র ব্যাংক

২৩. **মুদ্রার ক্রয় ক্ষমতার সংরক্ষণকারী ব্যাংক কোনটি?**
ⓚ কেন্দ্রীয় ব্যাংক ⓚ সমবায় ব্যাংক
ⓖ কৃষি ব্যাংক ⓖ মিশ্র ব্যাংক

২৪. **মুনাফা বৃদ্ধির সাথে সাথে অর্থায়নে কোনটি বাড়ে?**
ⓚ আয় ⓚ ব্যয়
ⓖ বিক্রয় ⓖ ঝুঁকি

২৫. **ঋণ পরিশোধের অক্ষমতা থেকে কোনটির সৃষ্টি হয়?**
ⓚ তারল্য ঝুঁকি ⓚ ব্যবসায়িক ঝুঁকি
ⓖ সুদের হার ঝুঁকি ⓖ আর্থিক ঝুঁকি

২৬. **কোন কাঠামোর পরিবর্তনে আর্থিক ঝুঁকি পরিহার করা যায়?**
ⓚ মূলধন ⓚ ঝুঁকি
ⓖ লাভ ⓖ ক্ষতি

২৭. **ঝুঁকি পরিমাপের সহজ সরল পদ্ধতি কোনটি?**
ⓚ পরিসর ⓚ বাজার ঝুঁকি
ⓖ উৎপাদন ঝুঁকি ⓖ আর্থিক ঝুঁকি

২৮. **তারল্য ঝুঁকির সম্মুখীন হতে হয়—**
i. শেয়ারহোল্ডারকে ii. বন্ডহোল্ডারকে
iii. ডিবেঞ্চার হোল্ডারকে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. করিমের নিজস্ব পুঁজি না থাকার কারণে ব্যাংক থেকে ঋণ নিয়ে ব্যবসায় আরম্ভ করলেন। কিন্তু তার ব্যবসায়টি কাঙ্ক্ষিত মুনাফা অর্জন করতে না পারায় ঋণ পরিশোধে জটিলতার সৃষ্টি হয়।

২৯. **মি. করিম কোন ধরনের ঝুঁকির সম্মুখীন হয়েছেন?**
ⓚ ব্যবসায়িক ঝুঁকি
ⓚ আর্থিক ঝুঁকি
ⓖ সুদের হার ঝুঁকি
ⓖ তারল্য ঝুঁকি

৩০. **মি. চপলের দায় পরিশোধের অক্ষমতার কারণে—**
i. তিনি ঋণ মওকুফের আবেদন করতে পারেন
ii. ঋণদানকারী প্রতিষ্ঠানগুলো আইনের আশ্রয় নিতে পারেন
iii. তিনি দেউলিয়া ঘোষিত হতে পারেন
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

Teachingbd.com

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | ঘ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | খ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | ক | ৯ | খ | ১০ | গ | ১১ | ক | ১২ | গ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | গ |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | খ | ২০ | ঘ | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | খ | ৩০ | গ |

http://teachingbd.com